

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.dss.gov.bd

‘শেখ হাসিনার
দিনবদলে, সমাজসেবা
এগিয়ে চলে’

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬৪.১৬.২২০

তারিখ: ২২ আশ্বিন ১৪২৬

০৭ অক্টোবর ২০১৯


অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ জয়নাল আবেদীন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা কর্মকালীন ঘূর্ণায়মান তহবিলের ১,১২,৯৬৫/- আত্মসাৎ করে পরবর্তীতে পরিশোধ করা, উক্ত উপজেলার আর এস এস ৫ম পর্বের ২৫,০০০/- ও ইউনিসেফ এর ৬,৫০০/- এবং পরিশোধকৃত অর্থের সার্ভিসচার্জ বাবদ নির্ধারণকৃত ১৬,৪১৬/- টাকাসহ সর্বমোট ৪৭,৯১৬/- পরিশোধ না করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ২৭/২০১৮ তারিখ ০৬/০৮/২০১৮) বুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ জয়নাল আবেদীন বিভাগীয় মামলার জবাব প্রদান না করায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ আইনাল হক, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনাকে অধিদফতরের স্মারক নম্বর ৩৩ তারিখ ০৬/০২/২০১৯ যোগে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা স্মারক নম্বর ৩৫৮ তারিখ ১৫/০৫/২০১৯ যোগে প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্তে জনাব মোঃ জয়নাল আবেদীন এর বিরুদ্ধে ক্ষুদ্রঋণ তহবিলের ১,১২,৯৬৫/- আত্মসাৎ করে পরবর্তীতে পরিশোধ করা এবং খুকড়া প্রকল্প গ্রামের আরএসএস (৫ম পর্ব) খাতের ১৫,৫০০/- ও আরএসএস (রাজস্ব) খাতের ১৯,৪০০/- এবং পরিশোধকৃত অর্থের সার্ভিসচার্জ বাবদ ১৬,৪১৬/- সহ মোট ৫১,৩১৬/- পরিশোধ না করার অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, জনাব মোঃ জয়নাল আবেদীন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ এর অভিযোগ সদেহাতীভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) ধারা মোতাবেক সরকারি চাকরি হতে বরখাস্ত(D dismissal) করা সমীচীন হবে এবং এলক্ষ্যে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক কেন তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত(D dismissal) করা হবে না তার জবাব সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য স্মারক নম্বর ১৫৬ তারিখ ২৪/০৬/২০১৯ যোগে অনুরোধ করা হয়। কিন্তু ৩মাস অতিবাহিত হলেও বর্ণিত কর্মচারীর নিকট হতে ২য় কারণ দর্শানোর জবাব পাওয়া যায়নি;

সেহেতু, জনাব মোঃ জয়নাল আবেদীন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ (পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা) এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক ‘অসদাচরণ’ ও দুর্নীতি পরায়ণ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(খ) মোতাবেক তাকে চাকরি হতে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তার নিকট প্রাপ্য ক্ষুদ্রঋণ তহবিলের খুকড়া প্রকল্প গ্রামের আরএসএস (৫ম পর্ব) খাতের ১৫,৫০০/- ও আরএসএস (রাজস্ব) খাতের ১৯,৪০০/- এবং পূর্বে পরিশোধকৃত অর্থের সার্ভিসচার্জ বাবদ ১৬,৪১৬/- সহ সর্বমোট ৫১,৩১৬/- তার প্রাপ্য আনুতোষিক হতে কর্তন করে পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা এর সংশ্লিষ্ট হিসাব নম্বরে জমা করার জন্য উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহকে নির্দেশ প্রদান করা হলো। উল্লিখিত অর্থ উপজেলা সমাজসেবা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা এর সংশ্লিষ্ট হিসাবে জমা করার বিষয়ে উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানসহ বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, ডুমুরিয়া, খুলনা ও উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহকে নির্দেশ প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



১০-১০-২০১৯

মোঃ জুলফিকার হায়দার
পরিচালক

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬৪.১৬.২২০/১

তারিখ: ২২ আশ্বিন ১৪২৬
০৭ অক্টোবর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ২) পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
- ৪) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
- ৫) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
- ৭) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ৮) সহকারী পরিচালক, অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ৯) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা (নন-গেজেটেড), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ১০) উপজেলা সমাজসেবা অফিসার, ডুমুরিয়া, খুলনা/ হালুয়াঘাট, ময়মনসিংহ।
- ১১) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
- ১২) জনাব মোঃ জয়নাল আবেদীন, ইউনিয়ন সমাজকর্মী(বোধ্যতামূলক অবসর), উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১০-১০-২০১৯

মোঃ সাফায়েত হোসেন তালুকদার
উপপরিচালক